

Kumudini Bulletin

January-April 2014


ৰুমুদিনী ৰুলেটিন

জানুয়ারী-এপ্রিল ২০১৪

- বিজয়া খানের জীবনাবসান
- স্বরাষ্ট্র প্রতিমন্ত্রীর কুমুদিনী কমপ্লেক্স পরিদর্শন ও পুরস্কার বিতরণ
- পৌর মেয়রসহ মির্জাপুরের ২৬ জনপ্রতিনিধিকে নববর্ষের অভেচ্ছা জ্ঞাপন
- কিরণবালা সাহা ও বিজয়়া খান স্মরণে প্রার্থনা সভা
- মেডিকেল কলেজের নবাগত ছাত্রীদের পরিচিতি
- বিবিসি'র সাথে কুমুদিনী ট্রাস্টের এমডি'র সাক্ষাংকার
- কেপিএল এর দৃটি নতুন ওষুধ
- কুমুদিনী ফার্মার বার্ষিক বিক্রয় ও বিপণন সভা অনুষ্ঠিত
- ভারতেশ্বরী হোমসের অনুষ্ঠানমালা
- ২৬ শে মার্চ উৎসব মুখর কুমুদিনী প্রাঙ্গণ
- বিশ্ব রোগী ও স্বাস্থ্য কর্মী দিবস
- > ইস্টার সানডে পালিত
- নার্সিং স্কুলে নবীনবরণ
- > বিদ্যাদেবী সরস্বতী বন্দনা
- চৈত্র সংক্রান্তি ও বর্ষবরণ
- কম্দিনী হাসপাতাল চিকিৎসা পরিসংখ্যান
- রণদাপ্রসাদ সহ প্রথম বিশ্বযুদ্ধের তিন বাঙালি সৈনিক স্মরণে প্রদর্শনী
- Bijoya Khan Passes Away
- Hon'ble State Minister for Home Visits Kumudini Complex
- Reception Accorded to Mirzapur Municipal Mayor and 26 Elected Representatives
- In memory of Kironbala Shaha and Bijoya Khan
- Fresher's Reception at Medical College
- Interview of KWT MD Aired by BBC
- KPL Launches Two New Medicines
- Annual Sales & Marketing Conference of Kumudini Pharma
- Programmes at Bharateswari Homes
- > 26th March- Celebration at Kumudini Complex
- World Patient and Health Workers Day
- Easter Sunday Observed
- Fresher's Reception at Nursing School
- Worshipping Goddess of Learning
- Chaitra Sankranti and Bangka New Year Celebrated
- Kumudini Hospital Treatment Statistics
- Photo Exhibition on Ranada Prasad and Two Other 1st GW Bengali Soldiers

বিজয়া খানের জীবনাবসান

Bijoya Khan Passes Away



Homage to Bijoya Khan on her last journey.

সকলের প্রিয় 'বড়দি', দানবীর রণদা প্রসাদ সাহার জ্যেষ্ঠা কন্যা বিজয়া শওকত আলী খান, গত ৭ ফেব্রুয়ারি সন্ধ্যা সাড়ে ছ'টায় কুমুদিনী হাসপাতালে শেষ নি:শ্বাস ত্যাগ করেন (ইন্না লিল্লাহি.....রাজিউন)। তাঁর বয়স হয়েছিল ৯২ বছর। তিনি বার্ধক্যজনিত কারণে অসুস্থ ছিলেন। মৃত্যুকালে তিনি ১ পুত্র, ৪ কন্যা ও নাতি নাতনিসহ কুমুদিনী পরিবারের অগণিত সদস্য এবং গুণগ্রাহী রেখে গেছেন।

কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের অন্যতম পরিচালক বিজয়া খান ব্যক্তিগত জীবনে ছিলেন প্রয়াত ব্যারিস্টার শওকত আলী খানের স্ত্রী। আজীবন তিনি স্বনামধন্য পিতা রণদা প্রসাদ সাহার জনহিতকর কর্মকান্ডের সঙ্গে সম্পৃক্ত ছিলেন এবং পিতার পথ অনুসরণ করে জনকল্যাণমূলক কাজে আত্ম নিয়োগ করেন।

মৃত্যুর পরদিন বাদ যোহর মির্জাপুর এস কে পাইলট হাই স্কুল মাঠে তাঁর যানাজা অনুষ্ঠিত Mrs Bijoya Shawkat Ali Khan the eldest daughter of philanthropist Ranada Prasad Shaha passed away at 6:30 pm on 7 February 2014 at Kumudini Hospital (Innah lillala....... rajiun). She was 92 yrs old and died of old age complications. She had left behind one son, four daughters, grandchildren and a host of admirers in the Kumudini family and beyond. She used to be affectionately called "Bardi" by all.

She was one of the Directors of Kumudini Welfare Trust (KWT) and wife of late Barrister Shawkat Ali Khan. All through her life she had been an ardent follower of her father R P Shaha and used to be involved in all the welfare activities of KWT.

Her dead body was taken to her favourite workplace at Bharateswari



হয়। পরে মির্জাপুর গোরস্থানে তাঁর মরদেহ দাফন করা হয়। এর আগে বিজয়া খানের মরদেহ তাঁর প্রথম জীবনের প্রিয় কর্মস্থল ভারতেশ্বরী হোমস প্রাঙ্গণে নেয়া হয়। সেখানে হোমসের ছাত্রী ও শিক্ষক-শিক্ষিকাবন্দ 'বড়দি'র প্রতি শেষ শ্রদ্ধা নিবেদন করেন। এ সময় উপস্থিত ছিলেন বিজয়া খানের কন্যা উমা রায় চৌধুরী, রঞ্জ হাশিম ও জামাতা আনোয়ার হাশিম, ভাতৃবধু শ্রীমতী সাহা, একমাত্র ভ্রাতম্পত্র রাজীব প্রসাদ সাহা, নাতি ব্যারিস্টার রেহান ও তার স্ত্রী এশা, বিশিষ্ট শিক্ষাবিদ প্রতিভা মুৎসুদ্দি, আত্মীয় ডা: দুলাল চন্দ্র পোদ্দার এবং অন্যান্য নিকট আত্ৰীয়-স্বজনসহ অসংখ্য শুভাকাঙ্খী।



Bijoya Shawkat Ali Khan (1922-2014).

সর্বস্তরের মানুষের শ্রদ্ধা নিবেদনের

উদ্দেশ্যে তাঁর মরদেহ কুমুদিনী হাসপাতাল চতুরে লাইব্রেরির সামনেরাখা হয়। এসময় কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজের ছাত্রী-শিক্ষকবৃন্দ, কুমুদিনী নার্সিং স্কুল ও কলেজের ছাত্রী-শিক্ষকবৃন্দ, কুমুদিনী হাসপাতালের ডাক্তার ও কর্মকর্তা– কর্মচারীবৃন্দসহ মির্জাপুরের সর্বস্তরের মানুষ শ্রদ্ধা নিবেদন করেন।

প্রয়াত বিজয়া খানের চেহলাম অনুষ্ঠিত হয় গত ৯ ফেব্রুয়ারি। তাঁর
মৃত্যুতে কুমুদিনী হাসপাতাল ও মির্জাপুর গ্রামে একাধিক শোকসভা
অনুষ্ঠিত হয়। যে সব বিশিষ্ট ব্যক্তি তাঁর মৃত্যুতে শোক প্রকাশ করেন
তাঁদের মধ্যে রয়েছেন টাঙ্গাইল-৭ আসনের সংসদ সদস্য আলহাজ্ব
মো. একাব্ধর হোসেন, টাঙ্গাইল জেলা পরিষদের প্রশাসক সাবেক
সংসদ সদস্য ফজলুর রহমান খান ফারুক, মির্জাপুর উপজেলা
পরিষদের চেয়ারম্যান মীর এনায়েত হোসেন মন্টু, মির্জাপুর পৌরসভার
মেয়র শহীদুর রহমান শহীদ প্রমুখ।

বিজয়া খান ১৯২২ খ্রিস্টাব্দে বিজয়া দশমীর পুণ্য তিথিতে জন্মগ্রহণ করেন। তিনি ছিলেন পিতা দানবীর রণদা প্রসাদ সাহার সকল মানবীয় কর্মকান্ডের পরিপূরক শক্তি। স্ব—শিক্ষিত এই মহিয়সী নারী পিতার স্বপ্ন বাস্তবায়নের এক বলিষ্ঠ রূপকার। আমৃত্যু তিনি কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের অন্যতম পরিচালক হিসেবে দায়িত্ব পালন করে গেছেন।

আমরা প্রয়াত বিজয়া খানের বিদেহী আত্মার শান্তি কামনা করি।

Homes where all students. teachers and her colleagues paid their respect. Her "Namaje Janaza" was held at the premises of Mirzapur S K Pilot High School on the day following her death. She was buried at Mirzapur graveyard. Among others her daughters Uma Roy Chowdhury, Ranju Hashem and her husband Anwar Hashem. sister-in-law Srimati Shaha, only son of her brother Rajiv Prasad Shaha, grandson Barrister Raihan and his wife Esha. prominent educationist Protiva Mutusuddy, Dr Dulal Podder and a host of relations and well wishers were present.

Her dead body was kept in

front of the Library & Museum at Mirzapur Kumudini Complex to facilitate paying of respect by people from all walks of life. Students and teachers of Kumudini Medical College, Kumudini Nursing School and College, doctors, officers and employees of Kumudini Hospital and general people from Mirzapur and adjoining areas paid their respect.

"Chehlum" of deceased Bijoya Khan was held on 9 February 2014. Condolence meeting was held at Mirzapur Hospital and in the village of Mirzapur. Member of Parliament from Tangail-7 Alhaj Md Akkaber Hossain, former MP and Administrator of Tangail Zila Parishod Fazlur Rahman Khan Faruk, Mirzapur Upazila Parishod Chairman Enayet Hossain Mintu, Mayor of Mirzapur Municipility Shahidur Rahman Shahid were among others who expressed their condolences at her death.

Mrs Bijoya Khan was born in 1922. She was the complimentary strength of R P Shaha in all his humanitarian activities. This self educated lady was instrumental in seeing many of her father's dream come true. She was a life long Director of KWT.

We all pray for the salvation of her departed soul.



স্বরাষ্ট্র প্রতিমন্ত্রীর কুমুদিনী কমপ্লেক্স পরিদর্শন ও পুরস্কার বিতরণ

Hon'able State Minister for Home Visits Kumudini Complex



Hon'ble State Minister for Home Affairs Mr Asaduzzaman Khan Kamal, MP handing over a prize to a student as chief guest at the Annual Prize Distribution Ceremony of Bharateswari Homes. On his left Al-Haj Md Akabber Hossain, MP Tangail-7, Dr Marufi Khan, Ms Protiva Mutsuddy, Mrs Srimati Shaha and Mr Rajiv Prasad Shaha.

গত ১৪ মার্চ মাননীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী জনাব আসাদুজ্জামান খান কামাল, এমপি মির্জাপুরে কুমুদিনী কমপ্লেক্স পরিদর্শন করেন। তিনি ঐ দিন ভারতেশ্বরী হোমসের বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন টাঙ্গাইল-৭ আসনের সংসদ সদস্য আলহাজ্ব মো. একাব্বর হোসেন এবং ঢাকার ইস্পাহানী স্কুল এন্ড কলেজের অধ্যক্ষা ড. মারুফী খান।

এ দিন সকালে প্রতিমন্ত্রী কুমুদিনী কমপ্লেক্সে এলে তাঁকে শুভেচ্ছা জানান কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহা, কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজ, নার্সিং স্কুল এভ কলেজ ও ভারতেশ্বরী হোমসের শিক্ষার্থী—শিক্ষকবৃন্দ এবং কুমুদিনী হাসপাতালের চিকিৎসকগণ।

প্রতিমন্ত্রীর সম্মানে হোমসের ছাত্রীরা মনোমুগ্ধকর ডিসপ্লে ও গার্ড অব অনার প্রদর্শন করে। তিনি হোমসের পিপি এম হলে আয়োজিত এক অনুষ্ঠানে কৃতী ছাত্রীদের হাতে পুরস্কার তুলে দেন। পরে হোমসের ছাত্রীদের পরিবেশনায় অনুষ্ঠিত হয় সাংস্কৃতিক অনুষ্ঠান। এর আগে স্বাগত বক্তব্য রাখেন হোমসের প্রাক্তন অধ্যক্ষা এবং বর্তমানে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের অন্যতম পরিচালক প্রতিভা মুৎসুদ্দি।

প্রধান অতিথির ভাষণে জনাব আসাদুজ্জামান খান কামাল বলেন, 'কুমুদিনীতে না এলে দানবীর রণদা প্রসাদ সাহার জীবন, তাঁর সৃষ্ট প্রতিষ্ঠান এবং মানবসেবামূলক কর্মকান্ড সম্পর্কে কিছুই জানা হতো না। এ সেবা যুগ যুগ ধরে অব্যাহত থাকুক এই আমার প্রত্যাশা।'

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন টাঙ্গাইলের পুলিশ সুপার আবু সালেহ মুহাম্মদ তানবীর, উপজেলা নির্বাহী অফিসার আফরোজা আক্রার চৌধুরী, সহকারী কমিশনার (ভূমি) নাসরিন সুলতানা প্রমুখ। Hon'able State Minister for Home Affairs Mr Asaduzzaman Khan Kamal visited Kumudini Complex on 14 March 2014 and distributed prizes at Annual Prize Distribution Ceremony of Bharateswari Homes. The special guests of the occasion were MP Tangail-7 Alhaj Md Akkaber Hossain, and Dr Marufi Khan Principal of Dhaka Ispahani School & College.

The State Minister on his arrival at Kumudini Complex in the morning was received by MD KWT Mr Rajiv Prasad Shaha. Students and teachers of Kumudini Women's Medical College, Nursing School & College, Bharateswari Homes and doctors of Kumudini Hospital also welcomed the State Minister.

Students of Bharateswari Homes presented a Guard of Honour and put up beautiful physical display. At a function organized at the PPM Hall the State Minister distributed prizes among the meritorious students. Former Principal of Bharateswari Homes and Director KWT Ms Protiva Mutusuddy delivered her welcome address. This was followed by a cultural show presented by the students of Homes.

While delivering his address Mr Asadauzzaman Khan Kamal said that had he not visited Kumudini Complex he would not have known anything regarding the great philanthropist Ranada Prasad Shaha, his welfare institutions and his works. He wished that this service rendered by Kumudini continue for ages.

Among others the SP Tangail Mr Saleh Mohammad Tanvir, Upazila Nirbahi Officer Afroza Akhtar Chowdhury and Assistant Commissioner (Land) Nasreen Sultana were present.



পৌর মেয়রসহ মির্জাপুরের ২৬ জনপ্রতিনিধিকে নববর্ষের শুভেচ্ছা জ্ঞাপন

কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহা গত ১৮ এপ্রিল মির্জাপুর উপজেলার নব নির্বাচিত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এবং মির্জাপুর পৌরসভার মেয়র ও কাউন্সিলরদের সঙ্গে নববর্ষের শুভেচ্ছা বিনিময় করেন।

মির্জাপুর কুমুদিনী কমপ্লেক্সের লাইব্রেরিতে এই শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মির্জাপুর পৌর-সভার মেয়র শহীদুর রহমান শহীদ, কাউন্সিলর আলো রাণী বিশ্বাস, নিলুফা, মো. লিয়াকত আলী, মো. জালাল উদ্দিন, মো. আনোয়ার, মো. হাফিজুর, মো. আলী আজম সিদ্দিক, মো. আলী আজম খান, মো. সিরাজ মিয়া, রিপন চক্রবর্তী ও আন্তর বেগম।

Reception Accorded to Municipal Mayor and 26 Elected Representatives

On 18 April 2014 MD KWT Mr Rajiv Prasad Shaha exchanged New Years greetings with the newly elected Chairmen of the Union Parishods of Mirzapur Upazila as well as Municipal Mayor and Councillors of Mirzapur Municipality. The reception was held in the Library of Kumudini Complex. Those present were Mayor of Mirzapur Municipality Mr Shahidur Rahman Shahid, Councillor Alo Rani Bishwas, Nilufa, Md Liaquit Ali, Md Jalajuddin, Md Anwar, Md Hafizur, Md Ali Azam Siddiq, Md Ali Azam Khan, Md Siraj Mia, Ripon Chakraborty and Angur Begum.



A section of the newly elected public representatives of Mirzapur Municipality and Mirzapur Upazila Union Parishod who were accorded New Year's reception at Kumudini Complex.

গুভেচ্ছা বিনিময় অনুষ্ঠানে মির্জাপুর উপজেলার ইউনিয়ন পরিষদের উপস্থিত চেয়ারম্যানরা হলেন মোবারক হোসেন সিদ্দিকী (ভাত গ্রাম), বিভাস সরকার নৃপুর (মহেরা), আলী এজাজ চৌধুরী রুবেল (জামুর্কী), হুমায়ুন তালুকদার (ফতেপুর), ফারুক হোসেন (বানাইল), মোস্তফা কামাল ময়না (আনাইতারা), আবুল্লাহেল সাফী (ওয়ার্শী), সাইদুর রহমান ছাদু (বহুরিয়া), তারিকুল ইসলাম নয়া (গড়াই), মো. রফিক সিকদার (আজগানা), আবুল কাশেম (তরফপুর), শামছুল আলম (বাশতৈল), জাকির হোসেন (লতিফপুর) এবং ছাইদুর রহমান সাইদ (ভওড়া)।

The following Chairmen of Mirzapur Upazila Union Parishod were present: Mobarak Hossain Siddiqi (Bhatgram), Bhibas Sarkar Nupur (Mohera), Ali Ezaz Chowdhury Rubel (Jamurki), Humayun Talukdar (Fatehpur), Farooq Hossain (Banail), Mostafa Kamal Moina (Anaitara), Abdullahel Shafi (Oarshi), Saidur Rahman Sadu (Bahuria), Tariqul Islam Naya (Gorai), Md Rafiq Sikdar (Ajgana), Abul Kasem (Tarafpur), Shamsul Alam (Bashtail), Zakir Hossain (Latifpur) and Saidur Rahman Said (Vaora).



কিরণবালা সাহা ও বিজয়া খান স্মরণে প্রার্থনা সভা

In Memory of Kironbala Shaha and Bijoya Khan



Prayer in silence for eternal peace of the departed souls of both mother and daughter.

মির্জাপুর কুমুদিনী কমপ্লেক্সের আনন্দ নিকেতন মিলনায়তনে গত ১২ ফেব্রুয়ারি আনুষ্ঠানিকভাবে সকলের প্রিয় 'জেঠিমা' কিরণবালা সাহার ২৫তম মৃত্যুবার্ষিকী পালিত হয়। ১৯৮৯ সালের এ দিনে তিনি দেহত্যাগ করেন। জেঠিমা কিরণবালা সাহা ছিলেন জেঠামনি রণদা প্রসাদ সাহার সহধর্মিনী।

যথাযোগ্য মর্যাদা ও ভাবগম্ভীর পরিবেশে কুমুদিনী পরিবার প্রতি বছরের মতো এবারও দিবসটি পালন করে। দিবসের কর্মসূচির মধ্যে ছিল প্রার্থনা সভা, সঙ্গীতাঞ্জলি, ধর্মীয় সভা, পবিত্র ধর্মগ্রন্থাদি থেকে পাঠ এবং আলোচনা সভা। অনুষ্ঠানে কিরণবালার জ্যেষ্ঠা কন্যা সদ্য প্রয়াত বিজয়া খানের প্রতিও শ্রদ্ধা নিবেদন করা হয়।

শারণসভায় কিরণবালা সাহা ও বিজয়া খান সম্পর্কে শ্বৃতিচারণ করেন প্রিন্সিপাল প্রতিভা মুৎসুদ্দি, কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহা, কুমুদিনী হাসপাতাল ও কলেজের পরিচালক ডা. দুলাল চন্দ্র পোদ্দার ও কুমুদিনী হাসপাতালের ডেপুটি মেডিকেল সুপারিনটেনডেন্ট ডা. প্রদীপ কুমার রায়, কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজের অধ্যক্ষ প্রফেসর ডা. মো. আবুল হালিম, কুমুদিনী নার্সিং স্কুল এভ কলেজের প্রিন্সিপাল সিস্টার রীনা ক্রুশ প্রমুখ।

আলোচনা শেষে নার্সিং কুল এন্ড কলেজের ছাত্রীরা প্রার্থনা সঙ্গীত পরিবেশন করেন। সবশেষে এক মিনিট নীরবতা পালনের মাধ্যমে স্বর্গীয়া কিরণবালা সাহা ও বিজয়া খানের আত্মার শান্তি কামনা করা হয়। মধ্যাহে ধর্মীয় আচার-অনুষ্ঠান শেষে কাণ্ডালি ভোজের আয়োজন করা হয়। The 25th death anniversary of Kironbala Shaha wife of R P Shaha was observed on 12 February 2014. She passed away on this day in 1989. The programme was held at the Ananda Niketon auditorium of Kumudini Complex at Mirzapur.

As in the previous years the occasion was observed with due respect and solemnity. The day's programme included prayer, religious discussion, recitation from holy books and rendering of devotional songs. On this occasion respects were also payed to the memory of Bijyoa Khan the eldest daughter of Kironbala Shaha.

Adminisrator of Kumudini Complex Ms Protiva Mutusuddy, MD of KWT Mr Rajiv Prasad Shaha, Director of Kumudini Medical College & Hospital Dr Dulal Chandra Podder, Deputy Medical Supervisor Dr Prodip Kumar Roy, Principal of Kumudini Women's Medical College Prof Dr Abdul Halim and Principal of Kumudini Nursing School & College Sister Rina Cruze spoke on the life and works of late Kironbala Shaha and late Bijoya Khan.

At the end of discussion the students of Nursing School & College rendered songs. Finally a minute's silence was observed in memory of Kironbala Shaha and Bijoya Khan. The programme ended at noon with the feeding of the destitute.



মেডিকেল কলেজের নবাগত ছাত্রীদের পরিচিতি

Fresher's Reception at Medical College



New students of KWMC taking oath.

গত ১৮ জানুয়ারি মির্জাপুরে কুমুদিনী কমপ্লেক্সের আনন্দ নিকেতন মিলনায়তনে কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজের ২০১৩–১৪ শিক্ষাবর্ষের প্রথম বর্ষের ছাত্রীদের পরিচিতি সভা অনুষ্ঠিত হয়।

কলেজের প্রিন্সিপাল প্রফেসর ডা. মো. আব্দুল হালিমের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কলেজের গভর্নিং বডির সদস্য সাবেক রাষ্ট্রদূত আনোয়ার হাশিম, প্রিন্সিপাল প্রতিভা মুৎসুদ্দি ও চেয়ারম্যান রাজীব প্রসাদ সাহা, কলেজের একাডেমিক এডভাইজার প্রফেসর ডা. এম এ জলিল এবং কুমুদিনী মেডিকেল কলেজ ও হাসপাতালের পরিচালক ডা. দুলাল চন্দ্র পোদার। অনুষ্ঠানে তাঁরা প্রত্যেকে বক্তব্য রাখেন। অনুষ্ঠানে শিক্ষকমন্ডলীর পক্ষ থেকে স্বাগত বক্তব্য দেন অধ্যাপক ডা. শাহনেওয়াজ।

নবাগত ছাত্রীদের পক্ষ থেকে বক্তব্য রাখেন এমবিবিএস-এর পিয়া কর্মকার এবং বিভিএস-এর তুনিস বিনতে হক। নবাগতা ছাত্রীদের প্রত্যেককে ফুলেল শুভেচ্ছায় বরণ করে নেয়া হয়। নবাগতাদের শপথ বাক্য পাঠ করান অধ্যাপক ডা. এম এ জলিল। A fresher's reception for the newly admitted students (session 2013-14) of Kumudini Women's Medical College (KWMC) was held at the Ananda Niketan auditorium of Kumudini Complex at Mirzapur on 18 January 2014.

The programme was presided over by Principal of the College Prof Dr Md Abdul Halim. The special guests of the occasion included Members of the College Governing Body Former Ambassador Mr Anwar Hashem, Ms Protiva Mutusuddy and Chairman Mr Rajiv Prasad Shaha, Academic Adviser of the College Prof Dr M A Jalil and Director Kumudini Medical College & Hospital Dr Dulal Chandra Podder. All the special guests spoke on the occasion. Prof Shahnewaz on behalf of the teachers delivered the welcome speech.

On behalf of the newly admitted students Piya Karmakar of MBBS course and Tunish Binte Haq of BDS course also spoke. New students were received with flower bouquets. The freshers took oath which was administered by Prof Dr M A Jalil.



বিবিসি'র সাথে কুমুদিনী ট্রাস্টের এমডি'র সাক্ষাৎকার

Interview of MD KWT Aired By BBC



Mr. Rajiv Prasad Shaha in an interview programme with BBC Bangla.

গত ৬ ফেব্রুয়ারি, বিবিসি বাংলা থেকে 'এ সপ্তাহের সাক্ষাৎকার' অনুষ্ঠানে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহার প্রায় ১২ মিনিটের একটি বেতার সাক্ষাৎকার প্রচারিত হয়। বিবিসি'র পক্ষে সাক্ষাৎকারটি নিয়েছেন সাংবাদিক আহরার হোসেন। আদ্যোপান্ত সাক্ষাৎকারটি ছিল কুমুদিনীর অতীত ও বর্তমান সেবামূলক কর্মকান্ড এবং ভবিষ্যৎ পরিকল্পনা সম্পর্কিত।

বেতার সাক্ষাৎকারে রাজীব প্রসাদ সাহা জানান যে, বাংলাদেশের স্বনামধন্য প্রতিষ্ঠান কুমুদিনী ট্রাস্ট অব বেঙ্গল ২০১৪ সালে নানা সেবামূলক কার্যক্রমের সর্বশেষ সংযোজন হিসেবে চালু করেছে রণদা প্রসাদ সাহা বিশ্ববিদ্যালয়। নারায়ণগঞ্জে প্রতিষ্ঠিত এই বিশ্ববিদ্যালয়টিতে চলতি বছরেই ছ'টি বিভাগে ছাত্র–ছাত্রী ভর্তি নেয়া হচ্ছে।

ব্যবস্থাপনা পরিচালক তাঁর বেতার সাক্ষাৎকারে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের অপরাপর ভবিষ্যৎ পরিকল্পনা সম্পর্কে বলতে গিয়ে বলেন যে, ভবিষ্যতে কুমুদিনী 'অটিজম' নিয়ে কিছু কাজ করতে চায়। সাক্ষাৎকার থেকে আরও জানা যায় যে, কুমুদিনী 'সিনিয়র সিটিজেন'দের জন্যও কিছু করতে চায়। এই সেক্টরগুলোকে 'এ্যাড্রেস' করা কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট—এর দায়িত্ব বলেও তিনি মনে করেন।

দীর্ঘ সাক্ষাৎকারের উপসংহারে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের মহান প্রতিষ্ঠাতা দানবীর রণদা প্রসাদ সাহার কীর্তিকে যাতে ধরে রাখা যায় এবং এই প্রতিষ্ঠানের সেবা ও শিক্ষাদানের মানকে আরও ছড়িয়ে দেয়া যায় সে উদ্দেশ্যে তিনি সকলের আর্শীবাদ কামনা করেন। BBC in its programme "This Week's Interview" broadcast a 12 minute interview of MD KWT Mr Rajiv Prasad Shaha. The interview was taken by Mr Ahrar Hossain. The entire interview centred around the past and present welfare activities carried on by KWT along with the future plans.

In the interview Mr Rajiv informed that among other welfare activities of KWT year 2014 is important because of launching of Ranada Prasad Shaha University. The university set up in Narayanganj started functioning with students being admitted in six departments.

MD KWT also informed that Kumudini has plans to work in the field of Autism in future. From the interview it is also learned that Kumudini is also planning to do something for the senior citizens. He said that he considered this a moral responsibility on the part of KWT.

At the end he sought blessings from all so that Kumudini is able to carry on with the welfare and educational activities as dreamt by its founder R P Shaha in a more improved and widespread manner.



কেপিএল-এর দুটি নতুন ওষুধ বাজারে এসেছে

KPL Launches Two New Medicines



Two new medicines of Kumudini Pharma Limited. Vicon-Z syrup for children's mental & physical growth and zinc deficiencies while Myobion tablet for relieving backache, Sciatica, Myalgia and neuropathic pain.

সম্প্রতি কুমুদিনী ফার্মা লি: (কেপিএল) দু'টি নতুন ওষুধ বাজারজাত করেছে। একটি হচ্ছে মায়োবিয়ন এবং অপরটি ভিকন-জেড। এ নিয়ে বাজারে কুমুদিনীর ওষুধের সংখ্যা দাঁড়ালো ৮৪।

মায়োবিয়ন ট্যাবলেটে রয়েছে ভিটামিন বি১+বি৬+বি১২। এটি পিঠের ব্যথা, সায়েটিকা এবং স্লায়বিক ব্যাথার চিকিৎসায় একটি উপকারী ওমুধ।

ভিকন—জেড একটি সিরাপ জাতীয় ওষুধ। এতে রয়েছে ভিটামিন-বি কমপ্লেক্স ও জিষ্ক। এ সিরাপটি শিশুদের শারীরিক ও মানসিক বৃদ্ধির সহায়ক একটি আদর্শ ওষুধ। Kumudini Pharma Ltd. (KPL) had recently launched two products. Those two are Mayobion and Vicon–Z. With these the number of products of Kumudini Pharma had risen to 84. Mayobion tablet contains Vitamin B1+B6+B12. This medicine will be helpful in relieving backpain, sciatica, myalgia and various neuropathic pain. Vicon-Z is a syrup. It contains vitamin B complex and zinc. This syrup will be helpful in the mental and physical growth of children.



Mr H K Shrestha, Hon'ble Ambassador of Nepal in Bangladesh and his wife in the library of Kumudini Complex at Mirzapur on 10 February 2014.



কুমুদিনী ফার্মার বার্ষিক বিক্রয় ও বিপণন সভা অনুষ্ঠিত

Annual Sales & Marketing Conference of Kumudini Pharma Held



The MD of Kumudini Welfare Trust Mr Rajiv Prasad Shaha delivering speech as the Chief Guest in the 11th Annual Sales & Marketing Conference of Kumudini Pharma Limited.

গত ২২ মার্চ নরসিংদী জেলার পাঁচদোনায় অবস্থিত ড্রীম হলিডে পার্কে কুমুদিনী ফার্মা লিমিটেডের ১১তম বার্ষিক বিক্রয় ও বিপণন সভা অনুষ্ঠিত হয়। এতে সারা দেশের মাঠ পর্যায়ের সকল সদস্যসহ প্রধান দণ্ডর ও ফ্যাক্টরির কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে প্রধান অতিথির আসন অলংকৃত করেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহা।

প্রধান অতিথি তাঁর ভাষণে কনফারেন্সে অংশগ্রহণকারী প্রত্যেককে ধন্যবাদ জানান এবং কোম্পানির অব্যাহত উন্নতিতে তাদের অবদানের কথা স্মরণ করেন। তিনি মাঠকর্মীদের উদ্দেশ্যে বলেন, 'আপনারা শুধু কেপিএল - এর বিক্রয় প্রক্রিয়ার সঙ্গেই জড়িত নন, দু:স্থ মানবতার জন্য কুমুদিনী যে কল্যাণমূলক কাজ করে থাকে সেই কর্মের সঙ্গেও আপনারা সম্পক্ত'।

সভার আনুষ্ঠানিক উদ্বোধন এবং সমাপ্তি ঘোষণা করেন কুমুদিনী ফার্মা লি: এর প্রধান পরিচালনা নির্বাহী (সিওই) অলিক কৃষ্ণ রায়।

সভায় বিগত ২০১৩ সালে কোম্পানির কর্মকান্ড এবং চলতি ২০১৪ সালে বিক্রয় ও বিপণন ক্ষেত্রে কোম্পানির সুনির্দিষ্ট পরিকল্পনা ও কর্মকৌশল নিয়ে আলোচনা হয়। কোম্পানির বিপণন ব্যবস্থাপক পুলক কুমার পাল কোম্পানির ২০১৪ সালের নতুন বাণিজ্য নীতির ওপর বিশদ আলোচনা করেন। তিনি উপস্থিত সকলকে এ মর্মে জ্ঞাত করেন যে, চলতি ২০১৪ সালে বিপণন, বিক্রয় এবং নতুন নতুন ওমুধ বাজারজাতকরণের ক্ষেত্রে কুমুদিনী ফার্মায় উল্লেখযোগ্য পরিবর্তন পরিলক্ষিত হবে। সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশনার মাধ্যমে দিনব্যাপী সভার সমাপ্তি ঘটে।

The 11th Annual Sales & Marketing Conference of Kumudini Pharma Ltd (KPL) was held at Dream Holiday Park at Pachdona of Narsingdhi on 22 March 2014. Field officers and employees working allover the country including those of Head Office and Factory participated. Mr Rajiv Prasad Shaha the MD of Kumudini Welfare Trust (KWT) was the chief guest on the occasion.

The chief guest thanked and recalled the contribution of all the participants in the overall development of the company. To the participants he said that they were not only the sales representatives of Kumudini Pharma but also partners in providing health care to the poor and needy which is the main aim of KWT. The opening and closing of the conference was conducted by Mr Alik Krishna Roy the Chief Operating Executive of Kumudini Pharma.

Discussions took place on the operations of the company in 2013 as well as plans for sales and marketing in 2014. Sales Manager Mr Pulak Kumar Pal spoke in details on strategy and marketing policy of KPL for 2014. He informed the participants that in 2014 there would be marked improvement in the marketing and sales of various products including new ones.

The conference ended with a cultural show in the evening which was enjoyed by all.



ভারতেশ্বরী হোমসের অনুষ্ঠানমালা বই উৎসব

গত ২ জানুয়ারি ভারতেশ্বরী হোমসের মাঠে পালিত হয়েছে বই উৎসব। এতে উপস্থিত ছিলেন হোমসের ভারপ্রাপ্ত অধ্যক্ষা প্রতিভা হালদার, শিক্ষক–শিক্ষিকামন্ডলী এবং ছাত্রীরা।

এই উৎসব মুখর পরিবেশে শিক্ষার্থীদের হাতে বিনামূল্যে সরকারের দেয়া নতুন বই তুলে দেয়া হয়। নতুন বই পেয়ে প্রত্যেক ছাত্রীর মধ্যে আনন্দ–উচ্ছাস পরিলক্ষিত হয়। উল্লেখ্য, বিনামূল্যে বই বিতরণের এই দিনটিকে সরকারিভাবে 'বই উৎসব' নামে ঘোষণা করা হয়েছে। শিক্ষা প্রতিষ্ঠানগুলো নিজ নিজ উদ্যোগে এ দিবসটি পালন করে থাকে।

PROGRAMMES AT BHARATESWARI HOMES

Book Festival

Book Festival was observed at Bharateswari Homes on 2 January 2014. Acting Principal of Homes Mrs Protiva Halder, teachers and students were present. On this day students were handed over books free of cost which were provided by the Government. The students were all very happy to receive the books. The occasion of free distribution of books has been officially named as "Book Festival" by the Government.



A section of free text books recipients.

পবিত্র ঈদে মিলাদুরবী

হোমসের ছাত্রী সংসদের উদ্যোগে গত ১৪ জানুয়ারি ভাব-গাম্ভীর্যের মধ্যে দিয়ে পালিত হয়েছে পবিত্র ঈদে মিলাদুন্নবী।

এ উপলক্ষে পিপিএম হলে বিশ্বমানবতার দিশারী হযরত মুহাম্মদ (সা:)—এর জীবনী আলোচিত হয় এবং অনুষ্ঠিত হয় মিলাদ মাহফিল। ছাত্রীদের সঙ্গে শিক্ষক-শিক্ষিকাগণও মাহফিলে উপস্থিত ছিলেন। মাহফিলে বিশ্বমানবতার কল্যাণ কামনায় মোনাজাত করা হয়। পবিত্র মিলাদুর্রী উপলক্ষে কুমুদিনী কমপ্লেক্সের সকল প্রতিষ্ঠানে তবারক বিতরণ করা হয়।

Holy Eid-e-Miladun Nabi

Eid-e-Miladun Nabi was celebrated with due fervour under the arrangement of Student's Union of Bharateswari Homes on 14 Januarary 2014. On this occasion a Milad Mahfil was arranged at the PPM Hall where discussion took place on the life of Prophet Mohammad (sm). Along with the students teachers were also present. At the Mahfil prayers were offered for the wellbeing of humanity. On this occasion sweets were distributed among all in Kumudini Complex.





Munajat in observance of Eid-e-Miladun Nabi.

হাম–রুবেলা টিকা কার্যক্রম

হোমস চতুরে গত ২৫ জানুয়ারি থেকে ২৭ জানুয়ারি পর্যন্ত তিন দিন ব্যাপী হাম—কবেলা ভাইরাসের টিকা দেয়ার কার্যক্রম পালিত হয়। এ কার্যক্রমের আওতায় ১ হাজার ছাত্রীকে টিকা দেয়া হয়। এর উদ্বোধন করেন ভারতেশ্বরী হোমসের প্রাক্তন অধ্যক্ষা ও কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের অন্যতম পরিচালক প্রিন্সিপাল প্রতিভা মুৎসুদ্দি।

নয় মাস থেকে ১৫ বছরের কম বয়সী শিশুদের এ টিকা দেয়া হয়। বাংলাদেশে ২৫ জানুয়ারি থেকে ১৩ ফেব্রুয়ারি পর্যন্ত এই কার্যক্রমটি পালিত হয়। এটি বিশ্বের সবচেয়ে বড় টিকাদান ক্যাম্পেইন। এই ব্যাপারে বাংলাদেশ সরকারকে সহায়তা দিছে গ্রোবাল এ্যালায়েস ফর ভ্যাকসিন এভ ইম্যুনাইজেশন, ইউনিসেফ ও বিশ্বস্বাস্থ্য সংস্থাসহ কয়েকটি আন্তর্জাতিক দাতা সংস্থা। বাংলাদেশ রুবেলা ভ্যাকসিন কার্যক্রমে প্রথম তহবিল প্রাপ্ত দেশ।

Measles-Rubela Vaccination Programme

Measles-Rubela vaccination programme was carried out from 25 to 27 January at the premises of Bharateswari Homes. A total of 1000 students have been vaccinated under this programme. The programme was inaugurated by the former Principal of Bharateswari Homes and Director KWT Ms Protiva Mutusuddy.

Children between the ages from 9 months to 15 years were vaccinated. This programme took place in Bangladesh between 25 January to 13 February. This is the largest vaccination programme in the world. In this respect Bangladesh Government is supported by Global Alliance for Vaccine & Immunization, UNICEF, WHO and few other international donor agencies. Bangladesh is the first country to come under Rubela Vaccination programme.





Measles-Rubela vaccination programme.

বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা

ভারতেশ্বরী হোম্স প্রান্ধণে গত ৯ ফেব্রুয়ারি অনুষ্ঠিত হয় ছাত্রীদের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা। অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক শ্রীমতী সাহা। প্রিন্সিপাল প্রতিভা মুৎসুদ্দি ছিলেন অনুষ্ঠানের বিশেষ অতিথি। সভাপতিত্ব করেন হোম্সের ভারপ্রাপ্ত অধ্যক্ষা প্রতিভা হালদার।

প্রতিযোগী ছাত্রীদের কলকাকলী, অংকুর, মুকুল, কিশলয় ও প্রভাতী এই পাঁচটি গ্রুপে ভাগ করা হয়। বিভিন্ন ইভেন্টে বিজয়ী ৯৪ ছাত্রীর মধ্যে পুরস্কার বিতরণ করেন শ্রীমতী সাহা। এ সময় তিনি ছাত্রীদের উদ্দেশ্যে বলেন যে, পড়াশুনার পাশাপাশি ক্রীড়াচর্চা শরীর ও মনকে সুস্থ রাখে। তিনি ছাত্রীদের নিয়মিত খেলাধুলায় অংশ নিতে উৎসাহিত করেন।

Annual Sports Competition

Annual Sports Competition took place at the Homes premises on 9 February 2014. The chief guest on the occasion was Director KWT Mrs Srimati Shaha. Principal Ms Protiva Mutusuddy was the special guest while the programme was presided over by acting Principal Mrs Protiva Halder.

Students divided into five groups participated in the sports competition. In all 94 students participating in different events were awarded prizes. The chief guest reminded the students of the importance of games and sports alongside studies. She encouraged the students to take part in sports regularly.



Participants ready on the mark for a race in the Annual Sports Competition.



Mujibur

17 July is the birthday

of the Father of the

Nation Bangabandhu

Rahman. This day is

observed as Childrens'

Day all over the coun-

try. On this occasion

the day is celebrated

with joy in remem-

brance of the Father of

Bharateswari Homes.

Discussion on the life

Bangabandhu,

dance.

Nation

Sheikh

the

painting,

জাতীয় শিশু দিবস

National Children Day

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ
মুজিবুর রহমানের জন্মদিন
১৭ মার্চ। এবার ছিল তাঁর
৯৪তম জন্মদিন। এই দিনটি
সারা দেশে জাতীয় শিশু
দিবস হিসেবে পালিত হয়।
এই উপলক্ষে ভারতেশ্বরী
হোমস প্রাঙ্গণে আনন্দ
উৎসবের মধ্যে দিয়ে জাতির
পিতাকে শ্বরণ করা হয় এবং
দেশাত্মবোধক গান, নৃত্য,
আবৃত্তি, চিত্রাঙ্কন, বঙ্গবন্ধুর
জীবনী থেকে পাঠ ও
আলোচনা সভার আয়োজন
করা হয়।



Students rendering songs as a part of the programme in observance of the birth day of Bangabandhu Sheikh Mujibur Rahman and Children's Day.

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ বুদ্ধিস্ট উইমেন্স ফেডারেশনের সভাপতি শ্রীমতী মধুমিতা বড়ুয়া। অনুষ্ঠানে হোমসের শিক্ষক-শিক্ষিকাবৃন্দ, শিক্ষার্থী ও উক্ত ফেডারেশনের অতিথিবৃন্দ উপস্থিত ছিলেন।

Mrs Modhumita Barua President of Bangladesh Buddist Women's Federation was chief guest of the programme.

rendering of patriotic songs were arranged.

ছাত্রী সংসদের অভিষেক

পিপিএম হলে ভারতেশ্বরী হোমসের ছাত্রী সংসদ : ২০১৪ এর অভিষেক গত ২৮ ফেব্রুয়ারি অনুষ্ঠিত হয়। এতে নব মনোনীত ছাত্রী সংসদের সদস্যদের শপথ বাক্য পাঠ করান ভারপ্রাপ্ত অধ্যক্ষা প্রতিভা হালদার, বিদায়ী ছাত্রী সংসদের পক্ষ থেকে বক্তব্য রাখেন দ্বাদশ শ্রেণির বিজ্ঞানের ছাত্রী শিরিন জামান। নতুন ছাত্রী সংসদের পক্ষে বক্তব্য রাখেন সহসভানেত্রী একাদশ শ্রেণির ছাত্রী ঝুমা পাল ও সাধারণ সম্পাদিকা ইফ্ফাত আরা খান। নতুন ছাত্রী সংসদকে অভিন্দন জানিয়ে বক্তব্য রাখেন প্রিন্ধিপাল প্রতিভা মুৎসুদ্দি, ভারপ্রাপ্ত অধ্যক্ষা প্রতিভা হালদার ও উপাধ্যক্ষ গোলাম কিবরিয়া।

Installation of Students Union

Students and teachers of Bharateswari Homes along with

guests from the Buddist Federation were also present.

The installation ceremony of the Students Union of Bharateswari Homes for the year 2014 was held at the PPM Hall on 28 February 2014. Oath of office to the incoming Union was administered by acting Principal Protiva Halder. On behalf of the outgoing Union Shireen Zaman a student of Class XII (Science) spoke on the occasion. On behalf of the incoming Union Vice President Jhuma Pal and General Secretary Iffat Ara Khan spoke. The new Students Union was welcomed by Principal Protiva Mutusuddy, Acting Principal Protiva Halder and Vice Principal Golam Kibria.



Members of the Students Union for the year 2014 taking oath.



২৬শে মার্চ উৎসব মুখর কুমুদিনী প্রাঙ্গণ

26th March Celebration at Kumudini Complex





(Left) 26th March- the Independence and National Day of Bangladesh. Our national anthem is being sung by thousands. (Right) This is also the birth day of Mr Rajiv Prasad Shaha, MD, KWT. In the picture a holy mark of sandal paste is being impressed on his forehead as a symbol of blessings on this auspicious day by one of his venerables Ms Protiva Mutsuddy. Mother Mrs Srimati Shaha on his left is seen enjoying.

ঐতিহাসিক ২৬শে মার্চ। আমাদের ৪৩তম স্বাধীনতা ও জাতীয় দিবস। এ উপলক্ষে ভারতেশ্বরী হোমসের মাঠে স্থাপিত মঞ্চে এক বর্ণিল আয়োজনের ব্যবস্থা করা হয়। দিবসের প্রথম প্রহরে উত্তোলিত হয় লাল-সবুজ জাতীয় পতাকা। হাজার কঠে বাঙালির প্রাণের সুরে গীত হয় জাতীয় সঙ্গীত 'আমার সোনার বাংলা আমি তোমায় ভালবাসি'। মুক্তিযুদ্ধের প্রেরণাদায়ী গণসঙ্গীতে উৎসব মুখর হয়ে ওঠে মির্জাপুরের কুমুদিনী প্রাঙ্গণ।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ভাষা সংগ্রামী প্রতিভা মুৎসুদি, কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক শ্রীমতী সাহা, ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহা, কুমুদিনী হাসপাতাল ও মহিলা মেডিকেল কলেজের পরিচালক ডা. দুলাল চন্দ্র পোদার, হোমসের ভারপ্রাপ্ত অধ্যক্ষা প্রতিভা হালদারসহ শিক্ষক-শিক্ষিকা, শিক্ষার্থী ও কর্মকর্তা কর্মচারীবৃন্দ।

অনুষ্ঠানের প্রধান অতিথি ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহা স্বাধীনতার বেদীমূলে আত্মাহুতি দেয়া তাঁর দাদু দানবীর রণদা প্রসাদ সাহা ও পিতা ভবানী প্রসাদ সাহাসহ বাংলাদেশের ৩০ লাখ শহীদকে স্মরণ করেন। তিনি শিক্ষার্থীদের স্বাধীনতার চেতনায় উজ্জীবিত হওয়ার পাশাপাশি পড়াশুনায় মনোযোগী হতে তাদের উৎসাহিত করেন।

সবশেষে শহীদদের আত্মার শান্তি কামনায় নীরব প্রার্থনা করা হয়। স্বাধীনতা দিবস উপলক্ষে কুমুদিনী হাসপাতালসহ কমপ্লেক্সের সকল প্রতিষ্ঠানে উৎসব খাবার পরিবেশন করা হয়।

উল্লেখ্য, এই ২৬শে মার্চ তারিখটি কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহার শুভ জন্মদিনও। এ উপলক্ষে ভারতেশ্বরী হোমসের ছাত্রীরা তাঁকে আন্তরিক শুভেচ্ছা জানায়। পরে ছাত্রীদের নিয়ে তিনি জন্মদিনের কেক কেটে অনুষ্ঠানটিকে প্রাণবন্ত করে তোলেন। ছাত্রীরা দিনটি স্মরণে 'শুভ জন্মদিন' নামে একটি দেয়াল প্রিকা প্রকাশ করে। Historic 26th March. Our 43rd Independence and National Day. A colourful stage was erected on the grounds of Bharateswari Homes. The national flag was raised early in the morning. Thousands joined in singing the national anthem "Aamar sonar Bangla aami tomai bhalobhasi".

The function was attended by Language Movement activist (Bhasha Sainic) Ms Protiva Mutusuddy, Director of KWT Mrs Srimati Shaha, MD KWT Rajiv Prasad Shaha, Director Kumudini Medical College & Hospital Dr Dulal Chandra Podder, teachers, students and employees.

The chief guest of the occasion MD KWT Mr Rajiv Prasad Shaha paid rich tributes to the memory of his grandfather R P Shaha, his father Bhavani Prasad Shaha and the 30 lacs Shaheeds who sacrificied their lives for the independence of the country. He encouraged the students to be imbued with the spirit of the war of liberation and study hard. Lastly prayers were offered for the salvation of the departed souls of the martyrs. On the occasion of Independence Day improved diet was served in all the institutions of Kumudini Complex.

It is to be mentioned here that incidentally 26th March is the happy birthday of our Managing Director Mr Rajiv Prasad Shaha. The students of Bharateswari Homes conveyed him good wishes on this happy day. They cut birthday cakes and brought out a wall magazine captioned 'Shuva Janmadin' to mark the day.





Laying of Floral Wreath at the mausoleum of martyrs of our great liberation war in Narayanganj on behalf of Ranada Prasad Shaha University (RPSU).

বিশ্বরোগী ও স্বাস্থ্য কর্মী দিবস

গত ১১ ফেব্রুয়ারি পালিত হয় বিশ্বরোগী ও স্বাস্থ্যকর্মী দিবস। এ দিনটাকে কেন্দ্র করে কুমুদিনী হাসপাতালের সকল সেবক-সেবিকা ভাই ও বোনেরা হাসপাতালের রোগীদের উত্তম সেবা প্রদান করে থাকে।

এ উপলক্ষে হাসপাতালের অভ্যন্তর বিভাগের প্রবেশ গেট এবং বিভিন্ন ওয়ার্ড টেবিল ফুল দিয়ে সাজানো হয়। সেবিকাবৃন্দ চিকিৎসাধীন রোগীদের কাছে দিবসটির তাৎপর্য ব্যাখ্যা করেন।

বিকেলে নার্সিং স্কুলের সামনে সেবক সেবিকারা আয়োজন করেন একটি প্রার্থনা অনুষ্ঠানের। এতে পরিবেশিত হয় সংগীত ও বিভিন্ন ধর্মগ্রন্থ থেকে পাঠ।

এ সময় উপস্থিত ছিলেন ডা. পি কে রায়, সিস্টার রীনা ক্রুশ, সিস্টার শেফালী সরকার, কুমুদিনী নার্সিং স্কুল ও কলেজের শিক্ষিকাবৃন্দ, সেবক-সেবিকাবৃন্দ ও বিভিন্ন ওয়ার্ডে চিকিৎসাধীন রোগীগণ।

World Patient and Health Workers Day

World Patient and Health Workers Day was observed on 11 February. In observance of this day all nurses both male and female of Kumudini Hospital try to provide utmost services to the patients. The gates and different departments of the hospital were decorated with flowers. The importance of the day was explained to the patients. In the afternoon a prayer meeting was arranged in front of the Nursing School. Recitation from different holy books and devotional songs were sung. Those present on the occasion were Dr P K Roy, Sister Rina Cruze, Mrs Shefali Sarker, teachers of Kumudini Nursing School & College, nurses and patients from different wards of the hospital.



Celebration of World Patient and Health Workers Day at Kumudini Hospital.



ইস্টার সানডে

গত ২০ এপ্রিল কুমুদিনী কমপ্লেক্সের খ্রিস্টান ধর্মাবলম্বীগণ যথাযোগ্য মর্যাদার সঙ্গে মহামতী যিশুর পুনরুখান দিবস 'ইস্টার সানডে' পালন করেন। এ উপলক্ষে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহা কমপ্লেক্সের সকল খ্রিস্টধর্ম বিশ্বাসীকে শুভেচ্ছা জানান।

ইস্টার সানডে উপলক্ষে কুমুদিনী নার্সিং স্কুল এন্ড কলেজের গির্জায় ফাদার ফ্রাঙ্ক-এর পরিচালনায় মিশা (Mass) অনুষ্ঠিত হয়। মিশা শেষে খ্রিস্টান ছাত্রীরা ধর্মীয় সঞ্চীত পরিবেশন করে।



The Resurrection.

Easter Sunday

The followers of Christianity at Kumudini Complex celebrated "Easter Sunday" on 20 April. On this occasion the MD of KWT felicitated all belonging to the Christian community. At the Church of Kumudini Nursing School & College a Mass was conducted by Father Frank. At the end of the Mass the Christian students presented devotional songs.

নার্সিং স্কুলে নবীনবরণ

গত ১ ফেব্রুয়ারি কুমুদিনী নার্সিং ক্কুলে ডিপ্লোমা-ইন-নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি ও জুনিয়র মিডওয়াইফারি কোর্সের ৬৮ জন নবাগত ছাত্রীকে আনুষ্ঠানিকভাবে বরণ করে নেয়া হয়। নবাগতাদের পরিচয় পর্ব শেষে অনুষ্ঠিত হয় সাংস্কৃতিক অনুষ্ঠানে।

অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুমুদিনী হাসপাতালের পরিচালক ডা. দুলাল চন্দ্র পোদ্দার, ডেপুটি মেডিকেল সুপারিনটেনডেন্ট ডা. পি কে রায়, নার্সিং কলেজের প্রিন্সিপাল সিস্টার অর্পিতা রোজারিও, সিস্টার রীনা ক্রুশ, সিস্টার শেফালী সরকার প্রমুখ।

অনুষ্ঠান উপস্থাপনায় ছিলেন নার্সিং কলেজের তৃতীয় বর্ষের ছাত্রী ফ্রোরেন্স অনন্যা সরকার ও দীপা দাস। অনুষ্ঠানের সার্বিক দায়িত্বে ছিলেন সিস্টার শেফালী সরকার ও সিস্টার শিউলী গোমেজ।

Fresher's Reception at Nursing School

Formal induction ceremony of 68 new students in Diploma in Nursing Science & Midwifery and Junior Midwifery Course was held on 1 February 2014. On completion of introduction of the new arrivals a cultural programme was arranged.

The chief guest on the occasion was Director Hospital Dr Dulal Chandra Podder. The other guests were Deputy Medical Supervisor Dr P K Roy, Principal of Nursing College Sister Arpita Rozario, Sister Rina Cruze, Sister Shefali Sarker and others.

The programme was conducted by the 3rd year student Florence Ananya Sarker and Dipa Das. Overall responsibility of the programme was with Sister Shefali Sarkar and Sister Sheuli Gomes.



Sister Arpita Rozario speaking at the Induction Ceremony of new students of Diploma in Nursing Science & Midwifery and Junior Midwifery Course.



বিদ্যাদেবী সরস্বতী বন্দনা

Worshipping Goddess of Learning




Students with the idol of goddess Saraswati on their way to the Puja mandop.

মির্জাপুরে কুমুদিনী কমপ্লেক্সের সকল শিক্ষা প্রতিষ্ঠানের সনাতন ধর্মাবলম্বী শিক্ষার্থীরা প্রতি বছরের মতো এবারও বিদ্যাদেবী সরস্বতী দেবীর পূজা উদ্যাপন করেছে। সরস্বতী পূজা অনুষ্ঠিত হয় মাঘ মাসের শুক্রা পঞ্চমী তিথিতে। এবারের তারিখটি ছিল ২২শে মাঘ /৪ঠা ফেব্রুয়ারি।

ভারতেশ্বরী হোমসের সবুজ প্রাঙ্গণে স্থাপিত অস্থায়ী মন্ডপে বিদ্যাদেবীর উদ্দেশ্যে শিক্ষার্থীরা পরম ভক্তিতে পুষ্পাঞ্জলি নিবেদন করে। এ উপলক্ষে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক আয়োজকদের উদ্দেশ্যে শুভেচ্ছাবাণী পাঠিয়েছেন। সন্ধ্যায় ছাত্রীরা আরতির আয়োজন করে।

সকাল–সন্ধ্যার উভয় বেলার অনুষ্ঠানে কমপ্লেক্সে অবস্থিত সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষিকা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। As in the past years students of all the educational institutions at Mirzapur Complex belonging to the Sanatan religion celebrated Puja of goddess Saraswati on 4 February 2014, 22 Magh.

The students laid floral wreaths in honour of the goddess of learning at the temporary Puja mandop (pavilion) set up in the green premises of Bharateswari Homes. On this occasion a greetings message from the MD of KWT was read out. In the evening the students arranged special prayers. Teachers and employees of all the educational institutions were present both in the morning and evening programmes.



Ms Protiva Mutsuddy, Director of Kumudini Welfare Trust, is one of the 22 language movement activists who were accorded reception at a programme in observance of Martyrs Day & International Mother Language Day at Bangabandhu International Conference Centre arranged by Green University of Bangladesh on 22 February. Mr Nurul Islam Nahid, Minister for Education, as Chief Guest of the programme offering her an Uttario.





চৈত্র সংক্রান্তি ও বর্ষবরণ

Happy Bangla New Year and Chaitrasankranti Observed



Celebration of Pahela Baishakh at Mirzapur Kumudini Complex.

কুমুদিনী কমপ্লেরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীগণ গত ৩০শে চৈত্র (১৩ই এপ্রিল) এবং পয়লা বৈশাখ (১৪ই এপ্রিল) সংগীতানুষ্ঠানের মাধ্যমে পালন করে যথাক্রমে বর্ষবিদায়ের অনুষ্ঠান 'চৈত্রসংক্রান্তি' এবং বরণ করে 'বাংলা নববর্ষ ১৪২১' সালকে।

বর্ষবিদায় উপলক্ষে ভারতেশ্বরী হোমসের ছাত্রীসংসদ সংগীতানুষ্ঠান 'মুছে যাক গ্রানি' পরিবেশন করে। এ দিন সবার মাঝে বাঙালির চিরাচরিত নিয়মে ছাতু, নাড়ু, মোয়া, মিষ্টি ও নিরামিষ খাবার পরিবেশন করা হয়।

পরের দিন ১৪ই এপ্রিল নববর্ষ পালন উপলক্ষে ভারতেশ্বরী হোমসে এক বর্ণাঢ্য অনুষ্ঠানের আয়োজন করা হয়। কমপ্রেক্স এলাকায় বাদ্যযন্ত্র সহযোগে রঙিন পোষাকে সজ্জিত হয়ে র্য়ালি বের করে কুমুদিনী নার্সিং স্কুল এন্ড কলেজের ছাত্রীরা। অনুষ্ঠিত হয় সঙ্গীত, নৃত্য ও আবৃত্তি।

বর্ষবরণের অংশ হিসেবে হোমসের ছাত্রীদের রচনায় সমৃদ্ধ একটি দেয়াল পত্রিকার উদ্বোধন করেন ট্রাস্টের পরিচালক শ্রীমতী সাহা। শুভেচ্ছা বাণী দেন ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহা, পরিচালক শ্রীমতী সাহা, পরিচালক প্রতিভা মুৎসুদ্দি ও হোমসের ভারপ্রাপ্ত প্রিঙ্গিপাল প্রতিভা হালদার।

নববর্ষের অনুষ্ঠানে আগত অতিথিদের পান্তা, ইলিশ, ভর্তা, ভাজি ও মিষ্টান্ন দিয়ে আপ্যায়ন করা হয়। The students of different educational institutions at Kumudini Complex through the celebration of Chaitra Shankranti on 30 Chaitra bid farewell to the Bangla year 1420 on 13 April and welcomed the new year 1421 by celebrating Pohela Boishak on 14 April.

Students Union of Bharateswari Homes arranged a musical sketch named Muchhe Jak Glani to bid farewell to 1420. As per age old Bengali tradition sweets, indigenous foods and mixed vegetables were served among all participated the Ceremony.

On 14 April a colourful cultural show was arranged to welcome the new year. The students of Nursing School & College brought out a rally on this occasion. Dance, recitation and musical show were also arranged. Mrs Srimati Shaha Director of KWT unveiled a wall magazine published by the students of Homes. Messages of felicitation were delivered by MD KWT, Directors KWT Mrs Smriti Shaha, Ms Protiva Mutusuddy and Principal of Homes Mrs Protiva Halder in the magazine. Guests and participants were entertained with traditional Bangla foods like panta, hilsha fry, sweetmeats etc.



চিকিৎসা পরিসংখ্যান জানুয়ারি-এপ্রিল ২০১৪

Charles .	-	50
া কা কা ম	497/2	1751

	জানুয়ারি	ফেব্রুয়ারী	মার্চ	এপ্রিল
প্যান্টাভ্যালেন্ট	900	≥98	७०२	928
পোলিও	৩৮১	400	800	038
चि.ची.	226	787	292	226
মিজেলস	95	22	80	৬১
বি.সি.জি	707	202	225	320
ক্র ে বলা	৭৬	29	200	98
ভিটা-এ ক্যাপ	200	280	300	96

হাসপাতালে ভর্তিকৃত রোগী

	জানুয়ারি	ফেব্রুয়ারী	মার্চ	এপ্রিল
පරි	9099	2666	8400	9802

বহিবিভাগে মোট রোগী

জানুয়ারি	ফেব্রুয়ারী	মার্চ	এপ্রিল
०८६४६	०५६०५८	২২০৬০	23644

হাসপাতালে মৃত্যু

জানুয়ারি	ফেব্রুয়ারী	মার্চ	এপ্রিল
47	@br	48	66

অপারেশন

সার্জারী

	<u>जान</u> ुशाति	ফেব্রুয়ারী	মার্চ	এপ্রিল
মেজর	ঽ৬	٥٥	২৯	80
মাইনর	৩৮	೨೦	20	29

অর্থোপেডিক্স

	জানুয়ারি	ফেব্রুয়ারী	মার্চ	এপ্রিল
মেজর	২৭	8%	82	82
মাইনর	৬৮	90	270	85

নাক, কান, গলা

	জানুয়ারি	ফেব্রুয়ারী	মার্চ	এপ্রিল
মেজর	28	22	৩৬	২৮
মাইনর	e	· c	œ	Q

গাইনি

	জানুয়ারি	ফেব্রুয়ারী	মার্চ	এপ্রিল
মেজর	২৬	২৩	8%	- 82
মাইনর	৩৬	৩৬	♥8	৬৭

অবসটেট্রিক্স

	জানুয়ারি	ফেব্রুয়ারী	মার্চ	এপ্রিল
মেজর	704	798	06	200
মাইনর	200	১১৬	226	406

চকু শিবির

চক্ষু অপারেশন	জানুয়ারি	ফেব্রুয়ারী	মার্চ	এপ্রিল
সৰ্বমোট	204	3884	৫৩৫১	वंश्र

অপারেশন দন্ত	জানুয়ারি	ফেব্রুয়ারী	মার্চ	এপ্রিল
মেজর	99	28	೨೦	79-
মাইনর	8	৬৩	42	42
মাইনর অপারেশন	জানুয়ারি	ফেব্রুয়ারী	মার্চ	এপ্রিল
ala Granes	No.	1.4	1.41	

চকু শিবির

ঠিকানা	মাস/তারিখ	পুরুষ	মহিলা	মোট
ফুলবাড়িয়া, ময়মনসিংহ	9/2/2028	pro	90	200
মধুপুর, টাঙ্গাইল	20/2/28	300	prbr	79.94
লাউহাটি	26/2/28	वंद	ल ८७	५०४
ফুলবাড়িয়া, ময়মনসিংহ	8/2/2038	\$80	308	288
মধুপুর, টাঙ্গাইল	20/2/28	45	60	202
ফুলবাড়িয়া, ময়মনসিংহ	b/0/2038	300	248	208
মধুপুর, টাঙ্গাইল	20/0/28	220	\$00	220
ত্রিশাল, ময়মনসিংহ	২৯/৩/১৪	600	роо	3000
ফুলবাড়িয়া, ময়মনসিংহ	9/8/২০১৪	390	200	৩২০
মধুপুর, টাঙ্গাইল	20/8/2028	200	390	ত২ত

Treatment Statistics January-April 2014

Vaccination Programme

	January	February	March	April
Pantavalent	305	274	302	314
Polio	381	301	405	314
T.T	116	141	171	228
Measles	71	22	90	61
B.C.G	131	101	112	120
Robela	76	27	103	79
Vita- A Cap	135	140	130	38

Patient Admitted in Hospital

	January	February	March	April
Admission	3033	2888	3394	3402

Out Patient

January	February	March	April
18143	18390	22060	21588

Patient Death in Hospital

January	February	March	April
81	58	64	55

Operation

Surgery

	January	February	March	April
Major	26	31	29	40
Minor	38	30	25	27

Orthopaedics

	January	February	March	April
Major	27	49	42	42
Minor	68	35	29	48

E.N.T.

	January	February	March	April
Major	24	22	36	28
Minor	5	5	5	5

Gynae

	January	February	March	April
Major	26	23	49	42
Minor	36	36	34	67

Obstetrics

	January	February	March	April
Major	108	94	90	105
Minor	130	116	116	109

Eye Camp

Eye Operation	January	February	March	April
Total	208	194	351	359

Dental

Operation Dental	January	February	March	April
Major	19	24	30	18
Minor	9	63	71	71
Minor Operation	January	February	March	April
Out Patient	100	106	150	170

Eye Camp

Address	Month/Date	Male	Female	Total
Fulbaria, Mymensingh	7/1/2014	80	70	150
Modhupur, Tangail	15/1/2014	100	88	188
Louhati	18/1/2014	319	319	638
Fulbaria, Mymensingh	8/2/2014	140	104	244
Modhupur, Tangail	15/2/2014	82	50	132
Fulbaria, Mymensingh	8/3/2014	100	154	254
Modhupur, Tangail	15/3/2014	113	100	213
Trishal, Mymensingh	29/3/2014	500	800	1300
Fulbaria, Mymensingh	7/4/2014	170	150	320
Modhupur, Tangail	15/4/2014	150	173	323



রণদা প্রসাদ সহ প্রথম বিশ্বযুদ্ধের তিন বাঙালি সৈনিকের স্মরণে প্রদর্শনী

Photo Exhibition on Ranada Prasad and Two Other 1st GW Bengali Soldiers



A photo exhibition captioned 'War and Colonies 1914-1918' by the courtesy of Alliance Francaise de Dhaka at Liberation War Museum in Dhaka. Photographs and documents of Ranada Prasad Shaha and two other soldiers from 49 Bengal Regiment were also displayed in the exhibition Mrs Srimati Shaha is seen witnessing the exhibition.

প্রথম বিশ্বযুদ্ধের তিন বীর বাঙালির স্মরণে ঢাকাস্থ আলিয়াঁ ফ্রাসেঁস—এর সৌজন্যে মুক্তিযুদ্ধ জাদুঘর গত ১১–১৮ মার্চ 'ওয়ার এড কলোনিজ ১৯১৪-১৯১৮' শিরোনামে এক ঐতিহাসিক প্রদর্শনীর আয়োজন করে। এই তিন অসম সাহসী বাঙালি সৈনিক হচ্ছেন টাঙ্গাইল মির্জাপুরের রণদা প্রসাদ সাহা, চউগ্রামের মাহবুবুল আলম এবং বর্ধমানের কবি কাজী নজরুল ইসলাম।

তাঁরা তিনজনই ৪৯ বেঞ্চলি রেজিমেন্টের সৈনিক ছিলেন। উল্লেখ্য, রণদা প্রসাদ সাহা প্রথমে যোগ দিয়েছিলেন বেঞ্চল এ্যান্থলেন্স কোরে ১৯১৫ সালের এপ্রিলে। পরের বছর তিনি যোগ দেন ৪৯ বেঙ্গলি রেজিমেন্টে। মাহবুবুল আলম এই রেজিমেন্টে যোগদান করেন ১৯১৭ সালের জুলাই মাসে এবং কবি কাজী নজরুল ইসলাম একই বছরের সেপ্টেম্বরে। আধুনিক সেনাবাহিনীতে এ তিনজন হলেন বাঙালি সৈনিকের প্রথম প্রজন্ম।

মুক্তিযুদ্ধ জাদুঘর আয়োজিত এ বিশেষ প্রদর্শনীটি প্রথম বিশ্বযুদ্ধ ও বাঙালি সৈনিকদের অবদান সম্পর্কে বর্তমান প্রজন্মের সাধারণ মানুষের কৌতৃহল মেটাতে অনেকটাই সক্ষম হয়েছে।

গত ১৮ মার্চ সমাপনী দিবসে প্রদর্শনী দেখতে গিয়েছিলেন শহীদ দানবীর রণদা প্রসাদ সাহার একমাত্র পুত্রবধূ শ্রীমতী সাহা। তাঁর সঙ্গে ছিলেন ভারতেশ্বরী হোমসের ছাত্রী ও শিক্ষকবৃন্দ। A historic photo exhibition entitled 'War And Colonies 1914-1918' honouring three Bengali soldiers including R P Shaha was held at Liberation War Museum in Dhaka by the courtesy of Alliance Francaise de Dhaka from 11 to 18 March 2014. These three brave soldiers were Ranada Prasad Shaha from Mirzapur, Tangail; Mahabubul Alam from Chittagong and poet Kazi Nazrul Islam from Bardhwan.

All three of them were soldiers from 49 Bengal Regiment. Ranada Prasad Shaha first joined the Bengal Ambulance Corps in April 1915. He joined the 49 Bengal Regiment the next year. Mahabubul Alam joined this regiment in July of 1917 followed by poet Kazi Nazrul Islam in September of the same year. These three were the first generation of Bengali soldiers in the modern Army.

Liberation War Museum attracted a lot of interest from the common people on the occasion of this exhibition which highlighted the contribution of Bengali soldiers in the First Great War (GW).

Mrs Srimati Shaha, the only daughter-in-law of Saheed RP Shaha along with students and teachers from Bharateswari Homes witnessed the exhibition on the concluding day.